

## ভর্তি

# সেন্ট যোসেফ উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে তৃতীয় শ্রেণিতে ভর্তি, নিয়ম প্রকাশ

প্রকাশনা তেক্ষণ

আপডেট: ১৭ সেপ্টেম্বর ২০২৫, ১৯: ৩৪



তৃতীয় শ্রেণিতে ভর্তির আবেদন ২০ থেকে ২৪ সেপ্টেম্বর সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত চলবে। ছবি: সংগৃহীত

সেন্ট যোসেফের উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে ২০২৬ সালের তৃতীয় শ্রেণিতে বাংলা ও ইংরেজি মাধ্যমে ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে।

## জেনে রাখুন

- তৃতীয় শ্রেণিতে ভর্তির আবেদন বিদ্যালয়ে অফিস থেকে ২০ সেপ্টেম্বর থেকে বিতরণ শুরু হবে, চলবে ২৪ সেপ্টেম্বর সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত।

২. আবেদনকারীর অভিভাবক ওপরে উল্লিখিত বুথ থেকে ফরম (বাংলা বা ইংরেজি মাধ্যম) সংগ্রহ করতে পারবেন।

৩. একজন প্রার্থী শুধু একটি ফরম সংগ্রহ করতে পারবেন। স্কুলের গেট বন্ধ হয় দুপুর ১২:৩০টায়।

৪. অভিভাবককে দ্বিতীয় শ্রেণিতে পড়াশোনা করার প্রমাণ (ইলেকট্রনিক নয়) উপস্থাপন করতে হবে নম্বরপত্রের রিপোর্ট কার্ড বা ফি প্রদানের অর্থ রাসিদ।

## দরকারি তথ্য

১. জাতীয় পাঠ্যক্রম: ২০২৫ সালে দ্বিতীয় শ্রেণিতে পড়াশোনা, যাদের বয়স ১ জানুয়ারি ২০২৬ তারিখে ৮ বছর (৭.৫ থেকে ৮.৫ বছর) তারা আবেদন করতে পারবে।

২. বিদেশি পাঠ্যক্রম: ইংরেজি মাধ্যম পাঠ্যক্রমের শিক্ষার্থীরা (জুলাই থেকে জুন সেশন), ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে দ্বিতীয় বা তৃতীয় শ্রেণিতে পড়াশোনা করা এবং বয়সসীমা একই।

## আবেদন সংগ্রহের বিস্তারিত

ক. ১০০০ টাকা (সঠিক পরিমাণ এবং ফেরতযোগ্য নয়)

খ. দ্বিতীয় শ্রেণিতে পড়াশোনা থাকার প্রমাণপত্র ২০২৫ সালের দ্বিতীয় শ্রেণির নম্বরপত্রের রিপোর্ট কার্ড বা টিউশন ফি রাসিদ, বুথে জমা দিতে হবে এবং জমা দেওয়ার সময় ফরমের সঙ্গে একই নথি সংযুক্ত করতে হবে।

গ. ফরমটি সঠিক এবং বৈধ তথ্য দিয়ে পূরণ করতে হবে এবং অভিভাবকদের স্বাক্ষর করতে হবে।

২০২৫ সালে দ্বিতীয় শ্রেণিতে পড়াশোনা, যাদের বয়স ১ জানুয়ারি ২০২৬ তারিখে ৮ বছর তারা আবেদন করতে পারবে ছবি: সংগৃহীত

### আবেদন ফরম জমা

শিক্ষার্থীকে নিচের কাগজসহ ফরমে উল্লেখিত তারিখ এবং সময়ে একজন প্রশাসনিক কর্মকর্তার সামনে যাচাইয়ের জন্য ব্যক্তিগতভাবে ফরম জমা দিতে হবে।

ক. সঠিকভাবে আবেদনপত্র পূরণ করা ফরম এবং ফরমে আঠা দিয়ে সংযুক্ত দুটি সাম্প্রতিক পাসপোর্ট আকারের ছবি,

খ. ২০২৫ সালের দ্বিতীয় শ্রেণির অগ্রগতি প্রতিবেদন এবং টিউশন ফি রসিদ এবং যাচাই করা ইলেকট্রনিক জন্মসনদের একটি কপি যেমন বলপয়েন্ট কলম, পেনসিল এবং ইরেজার

গ. স্মার্টওয়াচ বা ডিভাইস অনুমোদিত নয়।

ঘ. যাচাইয়ের পর, যোগ্য প্রার্থীদের একটি প্রবেশপত্র জারি করা হবে।

### ভর্তি মূল্যায়ন

১. লিখিত ভর্তি মূল্যায়ন কার্যক্রমের সম্ভাব্য তারিখ: ৭ নভেম্বর ২০২৫ শুক্রবার।
২. মূল্যায়নের বিষয়: বাংলা, ইংরেজি, গণিত (দ্বিতীয় শ্রেণির মান সিলেবাস)।
৩. মূল্যায়নের সময়: সকাল ৮:৩০ মিনিট এবং রিপোর্ট সময়: সকাল ৮টা।
৪. মূল্যায়নের সময়কাল: ১.৫ ঘণ্টা।

\* বিস্তারিত তথ্য জানতে ওয়েবসাইট: [www.sjs.edu.bd](http://www.sjs.edu.bd)

